

যুব উন্নয়ন অধিদপ্তর এবং ব্রিটিশ কাউন্সিলের সাথে যৌথ উদ্যোগে প্রশিক্ষণ  
কার্যক্রম পরিচালনা সংক্রান্ত সভার কার্যবিবরণী :

সভাপতি :	মোঃ আনোয়ার হোসেন মহাপরিচালক যুব উন্নয়ন অধিদপ্তর ১০৮, মতিঝিল বা/এ, ঢাকা।
তারিখ ও সময় :	১৪-০২-২০১৮ খ্রিঃ, সকাল ১১:০০ টা।
স্থান :	যুব উন্নয়ন অধিদপ্তরের সভা কক্ষ।
সভায় উপস্থিতির বিবরণ :	পরিশিষ্ট-'ক'।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুরোধে ব্রিটিশ কাউন্সিল থেকে আগত প্রতিনিধি জনাব তৌফিক আহমেদ ব্রিটিশ কাউন্সিলের Active citizens কর্মসূচির Youth leadership প্রোগ্রাম নিয়ে আলোচনা করেন। তিনি জানান Youth leadership প্রোগ্রামটিতে মূলতঃ ৪ দিন ব্যাপী (২৪ কর্মঘণ্টা) leadership এর উপর প্রশিক্ষণ দেয়া হয়। এ প্রশিক্ষণের জন্য তাদের কারিকুলাম প্রস্তুত আছে। এ প্রশিক্ষণ ছাড়াও যুবদের Business plan এবং Entrepreneurship এর উপর কারিকুলাম প্রস্তুত করা আছে। ব্রিটিশ কাউন্সিল Leadership প্রশিক্ষণের বিষয়ে অধিদপ্তরের কর্মকর্তাদেরকে ToT এর মাধ্যমে Master Trainer তৈরী করে দিতে পারে। যুবদের জন্য Leadership প্রশিক্ষণটি অধিদপ্তর নিজ উদ্যোগে পরিচালনা করবে। প্রশিক্ষণপ্রাপ্ত যুবদেরকে ব্রিটিশ কাউন্সিল তাদের সংশ্লিষ্ট কর্মকাণ্ডে সম্পৃক্ত করার সুযোগ সৃষ্টি করতে পারবে বলে জানান। ব্রিটিশ কাউন্সিলের প্রতিনিধি Library unlimited এর কর্মসূচি বর্ণনা করেন। তিনি জানান যে, জেলা কার্যালয়ে অবস্থিত Public library-তে যুবক/ যুবনারীদের শিক্ষা, কর্মসংস্থান এবং যুব উদ্যোগে উন্নয়ন সংক্রান্ত তথ্য আদান প্রদানের সুযোগ থাকবে। যুব উন্নয়ন অধিদপ্তরের সাথে ব্রিটিশ কাউন্সিলের যৌথ উদ্যোগে কাজ করার বিষয়ে বিস্তারিত আলোচনাস্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

- ০১। আগামী এপ্রিল মাসের প্রথম সপ্তাহে ব্রিটিশ কাউন্সিল কর্তৃক অধিদপ্তরের জেলা পর্যায়ের কর্মকর্তাদেরকে Leadership বিষয়ক "প্রশিক্ষক প্রশিক্ষণ" (ToT) প্রদান করা হবে।
- ০২। আগামী অর্ধবছরে ব্রিটিশ কাউন্সিল কর্তৃক প্রদত্ত Leadership বিষয়ক কারিকুলামের উপর ভিত্তি করে ৬৪টি জেলা কার্যালয়ে ১টি করে ব্যাচে (বাজেট বরাদ্দ সাপেক্ষে) আলাদাভাবে Leadership বিষয়ের উপর যুবক/যুবনারীদেরকে প্রশিক্ষণ দেয়া হবে। এছাড়াও অধিদপ্তরের ০৩ মাস বা তদুর্ধ্ব মেয়াদী প্রশিক্ষণ কোর্সগুলোতে ব্রিটিশ কাউন্সিল কর্তৃক Leadership বিষয়ক কনটেন্টগুলো সন্নিবেশিত করা যেতে পারে।
- ০৩। ব্রিটিশ কাউন্সিলের সাথে যৌথ উদ্যোগে প্রশিক্ষণ এবং প্রশিক্ষণ সংক্রান্ত রিসোর্স শেয়ারিং বিষয়ে একটি সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরের সিদ্ধান্ত গৃহীত হয়।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ আনোয়ার হোসেন)

মহাপরিচালক

ফোনঃ ০২-৯৫২৯৩৮৯


E-mail: dg@cyd.gov.bd

তারিখঃ ০৪/০৩/২০১৮ খ্রিঃ

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৭.০৬.০০৫(অংশ-১).১৭- ২০১৮

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থেঃ

- ০১। পরিচালক/প্রকল্প পরিচালক, .....(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। পরিচালক, ব্রিটিশ কাউন্সিল, ৫, ফুলার রোড, ঢাকা-১০০০।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ০৪। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, .....(সকল জেলা)।
- ০৫। কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, .....(সকল জেলা)।
- ০৬। অফিস কপি।



(সহকারী পরিচালক(প্রশিক্ষণ))

ফোনঃ ০২-৯৫১৫০১৯